



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম- ৪১০০

www.cpa.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং ১০/২০১৯

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহবান করছে :

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল জ্যঃবেঃস্কেল-২০১৫	৩০/১১/ ২০১৯ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ক।	ভান্ডারী	২১	৮২৫০-২০০১০/-	অনুর্ধ্ব ৩০ বৎসর	৮ম শ্রেণী পাস। ভাল স্বাস্থ্যের অধিকারী ও খাদ্য রান্নার জ্ঞান থাকতে হবে।

অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী ও অন্যান্য শর্তাবলী :

- আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট- jobscpa.org তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে;
- অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০ X ৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০ X ৮০ সাইজের স্বাক্ষর আপলোড করতে হবে;
- অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত তাঁর আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতিত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়) এবং আবেদনের হার্ড কপি প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। নিয়োগ পরীক্ষার ফি ৫০/- (পঞ্চাশ) টাকা ;
- আবেদনকারী প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র/সনদ প্রেরণ করতে হবে না। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় অন-লাইন আবেদনের কপি, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয়পত্র, মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান এর ক্ষেত্রে প্রয়োজনীয় সনদপত্রাদি (ভারতীয় তালিকা, লাল মুক্তিবর্তা, গেজেট, সাময়িক সনদ, বামুস সনদ ইত্যাদি), প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ প্রভৃতির সত্যায়িত কপি সংগে আনতে হবে।
- কর্তৃপক্ষ কোন প্রার্থীর আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। প্রার্থী সংখ্যা বেশী হলে আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা/প্রাপ্ত নম্বর/অন্য কোন নির্ণায়কের ভিত্তিতে সর্ট লিস্ট করতে পারবেন। নিয়োগের ক্ষেত্রে চবক এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- প্রার্থীদের অন-লাইনে আবেদনের কপি আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে;
- প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে;
- নিয়োগের ব্যাপারে জন প্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রে সকল প্রকার কোটা অনুসরণ করা হবে।
- অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে hr@cpa.gov.bd ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে;
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে;
- মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের আবেদনের ক্ষেত্রে বয়স ৩২ বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যাদের (নাতি-নাতনি) ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর;
- এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- অন-লাইনে আবেদন গ্রহণ শুরু সময় : ৩০/১০/২০১৯ খ্রিঃ সকাল ১০-০০ টা;
- অন-লাইনে আবেদন গ্রহণের শেষ সময় : ৩০/১১/২০১৯ খ্রিঃ রাত ১২-০০ টা পর্যন্ত;
- সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাদানের শেষ তারিখঃ ০২/১২/২০১৯ খ্রিঃ।
- নিয়োগ সংক্রান্ত তথ্যের জন্য কল সেন্টার ১৬৫৬৩ নম্বরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে।

(মোঃ মমিনুর রশিদ)

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ